গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.rajshahi.gov.bd

২০২৬ সালের এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী শহিদুল ইসলাম
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসক, রাজশাহী এর সম্মেলন কক্ষ
তারিখ : ২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১.০০ টায়

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ২০২৬ সালের আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাজশাহীকে অনুরোধ করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী সভাপতির অনুমতিক্রমে আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৬ সভায় উপস্থাপন করেন । সভায় আরো জানান রাজশাহী জেলায় তিনটি বোর্ডের মোট ৭৭ টি পরীক্ষা কেন্দ্রে মধ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ৪৩ টি, দাখিল পরীক্ষার ১২টি এবং এইচএসসি (বিএমটি) কেন্দ্র-২১টি, এইচএসসি (ভোকেশনাল)-০১ টি সহ মোট ২২ পরীক্ষা কেন্দ্রে আগামী ০২ জুলাই ২০২৬ তারিখ হতে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরীক্ষা সংক্রান্ত জারিকৃত পত্রের নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে । এরপর সভায় উপস্থিত কর্মকর্তা ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং পরীক্ষা কেন্দ্রে সরকারি সকল নির্দেশনা অনুযায়ী সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের বিষয়ে তাদের দৃঢ় অভিমত ব্যক্ত করেন । অত:পর ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু , সুন্দর ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের লক্ষ্যে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ | প্রত্যেক পরীক্ষার দিন এম. সি. কিউসহ রচনামূলক /সৃজনশীলের সকল সেট প্রশ্নপত্র নিতে হবে। উক্ত প্রশ্নপত্র একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্র সচিব ও পুলিশের উপস্থিতিতে ট্রেজারি/থানা লকার হতে গ্রহণ করে কেন্দ্রে পৌঁছাতে হবে। সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে সেট কোড পাওয়ার পর যথাসময়ে সেট কোড জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেট কোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরের বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত দায়িত্বপ্রাপ্ত সকলকে পরীক্ষা কেন্দ্রে অবস্থান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পরীক্ষার প্রশ্নপত্র ট্রেজারি/থানা লকার হতে গ্রহণ, কেন্দ্রে প্রেরণ ও পরবর্তী কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়। | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার<br>৩। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২. | পরীক্ষার্থীদের আসন বিন্যাস | পরীক্ষার্থীদের আসন বিন্যাস নিয়ে আলোচনা করা হয় । সংশ্লিষ্ট বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরীক্ষা হলে ৬ ফুট দীর্ঘ প্রতিটি বেঞ্চে ০২ (দুই) জন করে পরীক্ষার্থী বসার ব্যবস্থা করতে হবে। পরীক্ষার্থীরা যেন নির্দিষ্ট আসনে নিয়ম মাফিক বসে পরীক্ষায় অংশগ্রহণ করে এ বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | পরীক্ষার্থীদের আসন বিন্যাস নিয়ে গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধ জানানোর হয়। | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কক্ষ পরিদর্শক |
| ০৩. | পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশ | পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী নির্ধারিত সময়ের পর পরীক্ষা কেন্দ্রে আসলে রেজিস্ট্রারে তার নাম, রোল নম্বর, প্রবেশের সময় ও বিলম্বের কারণ উল্লেখ করতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীর তালিকা প্রতিদিন সংশ্লিষ্ট বোর্ডকে অবহিত করতে হবে। এরুপ বিষয় গুলো নিয়ে আলোচনা করা হয়। | পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশ নিয়ে সভায় আলোচ্য বিষয়গুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রসচিবদের নির্দেশনা দেওয়া হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৪. | কক্ষ পরিদর্শকের দায়িত্ব | স্বচ্ছতার সাথে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে একই কক্ষ পরিদর্শককে প্রতিদিন একই কক্ষে দায়িত্ব না দেয়ার জন্য বলা হয়। পরীক্ষার্থী যে কলেজের বা স্কুল এন্ড কলেজের সে কলেজ বা স্কুল এন্ড কলেজের শিক্ষকদের সংশ্লিষ্ট হল পরিদর্শক হিসেবে দায়িত্ব প্রদান করা যাবে না। যে বিষয়ে পরীক্ষা হবে সে বিষয়ের শিক্ষককে পরিদর্শকের দায়িত্ব দেয়া যাবে না। এছাড়া কোন শিক্ষকের অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/ পোষ্য পরীক্ষার্থী থাকলে তাকে সেই কক্ষের কক্ষ পরিদর্শক হিসেবে দায়িত্ব দেয়া যাবে না। এমনকি কোচিং এর সাথে সংযুক্ত শিক্ষক পরীক্ষার দায়িত্বে থাকতে পারবেন না। পরীক্ষা চলাকালীন সময়ে কোন হল পরিদর্শক মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। এরুপ বিবিধ বিষয়াবলি নিয়ে আলোচনা হয়। | কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালন নিয়ে সভায় আলোচ্য বিষয়াবলি যথাযথ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৫. | সময় ব্যবস্থাপনা | আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অনিবার্য কারণবশত কোন পরীক্ষা বিলম্বে শুরু করতে হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লিখিত নির্ধারিত সময় দিতে হবে। শিক্ষা বোর্ডসমূহের নীতিমালা অনুযায়ী বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের অতিরিক্ত সময় দিতে হবে। এরুপ বিষয়াবলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সময় ব্যবস্থাপনা নিয়ে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ ও সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা গৃহীত হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | প্রশ্নপত্রের সেট কোড মেসেজ নিশ্চিতকরণ ও প্রশ্নপত্রের সেট কোড ক্রস চেকিং | প্রত্যেক পরীক্ষার দিন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাজশাহী থেকে সেট কোড মেসেজ পাওয়া মাত্রই উপজেলা নির্বাহী অফিসার ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ম্যাসেজ প্রাপ্তির বিষয়টি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাজশাহীকে নিশ্চিত করবেন। প্রশ্নপত্রের প্যাকেট খোলার পূর্বে পাশের উপজেলা এবং পার্শ্ববর্তী জেলার সাথে ক্রস চেকিং করে পরীক্ষার বিষয় ও সেট নিশ্চিত হয়ে প্যাকেট খুলতে হবে। | প্রশ্নপত্রের সেট কোড মেসেজ প্রাপ্তির পর তা নিশ্চিতকরণ এবং প্রশ্নপত্র সেট কোড ক্রস চেকিং এর বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি ) রাজশাহী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৭. | সৃজনশীল ও বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে সময় নির্ধারণ | প্রতিদিনের পরীক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট বোর্ডসমূহ কর্তৃক প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী বহুনির্বাচনী ও সৃজনশীল পরীক্ষা গ্রহণ করতে হবে এরুপ বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক নির্ধারিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কক্ষ পরিদর্শক |
| ০৮. | পরীক্ষায় নিয়োজিত শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের পরিচয়পত্র প্রদর্শন | পরীক্ষায় নিয়োজিত শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের পরিচয়পত্র প্রদর্শনরত অবস্থায় দায়িত্ব পালন করবেন। সহকারী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ হল সুপার/ পরিদর্শক/ কর্মচারীসহ পরীক্ষা পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকলকে পরিচয়পত্র প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পরীক্ষায় নিয়োজিত শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের পরিচয়পত্র প্রদর্শনরত অবস্থায় দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৯. | প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড | প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে নিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয় | পরীক্ষার্থীগণ প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে নিয়ে পরীক্ষার হলে প্রবেশের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কক্ষ পরিদর্শক |
| ১০. | উত্তরপত্র প্যাকিং ব্যবস্থাপনা | উত্তরপত্র সতর্কতার সাথে প্যাকিং করতে হবে । প্যাকিং এর স্থানে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মচারী ছাড়া অন্যদের প্রবেশ নিষিদ্ধ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | আলোচ্য বিষয়াদি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নির্দেশনা দেওয়া হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১১. | এইচএসসি (বিএমটি) পরীক্ষা-২০২৬ এর মহানগরীর কেন্দ্রসমূহের আসন বিন্যাস | এইচএসসি (বিএমটি) পরীক্ষা-২০২৬ এর মহানগরীর কেন্দ্রসমূহের আসন বিন্যাস সম্পর্কে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী মহানগরীর কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিয়ে সভা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পরীক্ষার্থীদের আসন বিন্যাস নিয়ে সভায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাজশাহী<br>২। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১২. | পরীক্ষা সংক্রান্ত দৈনিক প্রতিবেদন | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পরীক্ষা সংক্রান্ত দৈনিক প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয়ের **ই-মেইল নম্বর**-acedu. raj@ gmail.com এবং নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর-ফোন ০২৫৮৮৮-৫৪২৯৫ এ জানাতে হবে মর্মে সভায় আলোচনা করা হয় । | পরীক্ষা সংক্রান্ত দৈনিক প্রতিবেদন দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১৩. | পরীক্ষা কেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ধারা জারি, প্রচার ও<br>রিজার্ভ ফোর্সের একটি কন্টিনজেন্ট প্রস্তুত রাখা | পরীক্ষা কেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রত্যেক কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স নিয়োগ করতে হবে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রে ২০০ গজের মধ্যে পরীক্ষা চলাকালীন সর্বসাধারণের প্রবেশ নিষেধ মর্মে ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ধারা জারি ও প্রচারের ব্যবস্থা করতে হবে এবং কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে তা দ্রুত নিয়ন্ত্রণ করার লক্ষ্যে রিজার্ভ ফোর্সের একটি কন্টিনজেন্ট প্রস্তুত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | পরীক্ষাকেন্দ্রে আইন শৃঙ্খলা পরিস্থিতি তদারকির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | ১। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br>২। পুলিশ সুপার, রাজশাহী<br>৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রাজশাহী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৪। উপপরিচালক জেলা তথ্য অফিস রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | কেন্দ্রে প্রবেশ নিষেধ ও ১৪৪ ধারা বলবৎ আছে শিরোনামে ব্যানার | পরীক্ষা কেন্দ্রের বাইরে নকলমুক্ত পরীক্ষা কেন্দ্র, মোবাইল ফোন বা কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ নিষেধ ও ১৪৪ ধারা বলবৎ আছে শিরোনামে ব্যানার টানানোর বিষয়ে আলোচনা করা হয় । | আলোচ্য বিষয়াদি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নির্দেশনা দেওয়া হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১৫. | পরীক্ষার্থীদের শরীর তল্লাশী | পরীক্ষা সুষ্ঠু , সুন্দর ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের স্বার্থে নকল, ইলেকট্রিক ডিভাইসসহ কোন পরীক্ষার্থী যেন পরীক্ষা কক্ষে প্রবেশ করতে না পারে সেজন্য পরীক্ষার্থীদের প্রবেশের প্রাক্কালে পরীক্ষার্থীদের শরীর শালীনতার সাথে তল্লাশী করে (ছেলেদের জন্য পুরুষ পুলিশ ফোর্স এবং মেয়েদের জন্য মহিলা পুলিশ ফোর্স দ্বারা) ও হ্যান্ড মেটাল ডিটেক্টর দিয়ে পরীক্ষা করে হলে প্রবেশ করানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পরীক্ষার্থীদের প্রবেশের প্রাক্কালে পরীক্ষার্থীদের শরীর শালীনতার সাথে তল্লাশী করে প্রবেশের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কেন্দ্রের দায়িত্বে নিয়োগকৃত পুলিশ কর্মকর্তা |
| ১৬. | হিজাব পরিহিত/কান ও মুখ ঢেকে রাখা সংক্রান্ত | পরীক্ষা চলাকালীন হিজাব পরিহিত পরীক্ষার্থীদের কান ও মুখ খোলা রাখার বিষয়টি নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আলোচ্য বিষয়াদি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নির্দেশনা দেওয়া হয়। | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কক্ষ পরিদর্শক |
| ১৭. | পরীক্ষা কেন্দ্রে মেয়ে পরীক্ষার্থীদের আগমনের ক্ষেত্রে তারা যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন না হয় | পরীক্ষা কেন্দ্রে মেয়ে পরীক্ষার্থীদের আগমনের ক্ষেত্রে তারা যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পরীক্ষা কেন্দ্রে মেয়ে পরীক্ষার্থীদের আগমনের ক্ষেত্রে তারা যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ ও কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। পুলিশ কমিশনার আরএমপি রাজশাহী<br>২। পুলিশ সুপার রাজশাহী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ১৮. | ট্রাফিক পুলিশ মোতায়েন | শহর ও উপজেলার ব্যস্ত এলাকায় অবস্থিত কেন্দ্র/কেন্দ্রসমূহে পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার জন্য বিভিন্ন ট্রাফিক মোড়/রাস্তার মোড় ও সড়কে প্রয়োজনীয় ট্রাফিক পুলিশ মোতায়েনের ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | ট্রাফিক পুলিশ মোতায়েনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ ও কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। পুলিশ কমিশনার আরএমপি রাজশাহী<br>২। পুলিশ সুপার রাজশাহী |
| ১৯. | মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক্স ডিভাইস | পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার করতে পারবেন না। কোন পরীক্ষার্থী হলে মোবাইল ফোন ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ বিবিধ আলোচনা হয়। | মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহারের বিষয়ে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>৩। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |
| ২০. | ভুয়া প্রশ্নপত্র ফেসবুক বা অন্য কোন মাধ্যমে প্রচার করে বিভ্রান্তি সৃষ্টি | ভুয়া প্রশ্নপত্র ফেসবুক বা অন্য কোন মাধ্যমে প্রচার করে বিভ্রান্তি সৃষ্টি বা ফাঁসের কোন ঘটনা ঘটলে তাৎক্ষণিক আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় । | প্রশ্নপত্র ফাঁস/ফাসেঁর গুজব রোধে সংশ্লিষ্ট সকলকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br>২। পুলিশ সুপার, রাজশাহী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৪। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | সি.সি ক্যামেরা স্থাপন বিষয়ে আলোচনা। | শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মতে, পরীক্ষার সকল কেন্দ্রসমূহ সি.সি ক্যামেরার আওতায় আনার বিষয়ে আলোচনা করা হয়। | পরীক্ষার সকল কেন্দ্রসমূহ সি.সি ক্যামেরার আওতায় আনার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও কেন্দ্র সচিবদের অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী।<br>২. কেন্দ্র সচিবগণ |
| ২২. | অসদুপায় অবলম্বনে সহায়তা করলে বা নকল করার সুযোগ দেওয়া সংক্রান্ত | কোন হল পরিদর্শক বা পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট অন্য কোন ব্যক্তি পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনে সহায়তা করলে বা নকল করার সুযোগ দিলে এতদসঙ্গে সংশ্লিষ্ট সকলকে বহিষ্কার করা হবে এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় | অসদুপায় পন্থা অবলম্বন করলে সভায় আলোচনার আলোকে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ২৩. | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | পরীক্ষার দিন পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রতিটি পরীক্ষা কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচ্য বিষয়াদি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মর্তাদের অনুরোধ করা হয়। | ১। প্রধান প্রকৌশলী বিতরণ অঞ্চল, নেসকো লি. রাজশাহী<br>২। জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি, রাজশাহী |
| ২৪. | প্রতিদিন পরীক্ষা শেষে উত্তরপত্র প্রেরণের লক্ষ্যে ডাকঘর খোলা রাখা | প্রতিদিন পরীক্ষা শেষে উত্তরপত্র প্রেরণের লক্ষ্যে ডাকঘর খোলা রাখার নিমিত্তে পোস্ট মাস্টারকে নির্দেশ প্রদানের জন্য ডেপুটি পোষ্ট মাস্টার জেনারেল, রাজশাহীকে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। এছাড়াও অনিবার্য কারণবশত: শুক্রবার ও শনিবার পরীক্ষা অনুষ্ঠিত হলে সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্রের নিকটবর্তী পোস্ট অফিস খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ের সভায় আলোচনা করা হয়। | প্রতিদিন পরীক্ষা শেষে উত্তরপত্র প্রেরণের লক্ষ্যে ডাকঘর খোলা রাখার জন্য ডিপিএমজি, রাজশাহী ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। | ১। ডিপিএমজি রাজশাহী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২৫. | পরীক্ষা কেন্দ্রে মেডিকেল টিম রাখা | প্রতিটি পরীক্ষা কেন্দ্রে একজন এমবিবিএস ডাক্তারের তত্ত্বাবধানে মেডিকেল টিম রাখার বিষয়ে আলোচনা করা হয় । | এ বিষয়ে সিভিল সার্জন, রাজশাহীকে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | ১। সিভিল সার্জন, রাজশাহী |
| ২৬. | ভিজিলেন্স টিম গঠন | পরীক্ষা তত্ত্বাবধান ও পরিদর্শনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসকগণের নেতৃত্বে ভিজিলেন্স টিম গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ভিজিলেন্স টিম গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী |
| ২৭. | পরীক্ষা কক্ষে দেয়াল ঘড়ি রাখা | প্রতিটি পরীক্ষা কক্ষে দৃশ্যমান স্থানে দেয়াল ঘড়ি রাখতে হবে। শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা স্মার্ট ওয়াচ হাতে পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরীক্ষা কক্ষে দেয়াল ঘড়ি রাখার বিষয়ে কেন্দ্র সচিবদের অনুরোধ করা হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ২৮. | খাবার পানি রাখার ব্যবস্থা | পরীক্ষার্থীদের পানি পানের জন্য প্রতিটি পরীক্ষা কক্ষের সম্মুখে সুপেয় খাবার পানি রাখার ব্যবস্থা করতে হবে। কোন কর্মচারী খাবার পানি সরবরাহ করতে পারবে না। পরীক্ষার্থীগণ নির্ধারিত স্থান হতে পানি পান করবে। কোন পিয়ন/আয়া যাতে কক্ষে প্রবেশ করতে না এরুপ বিষয়ে আলোচনা করা হয়। | পরীক্ষার্থীদের জন্য সুপেয় খাবার পানি রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ২৯. | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সদস্য ও সাংবাদিকদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশ | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সদস্য ও সাংবাদিক প্রথমে পুলিশের সাথে কথা বলে সাংবাদিকের পরিচয় নিশ্চিত হওয়ার পর কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি সাপেক্ষে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষে যাবেন । এরপর প্রিন্ট মিডিয়ার সদস্য ও সাংবাদিকদের পরীক্ষা কক্ষের বাহির থেকে পরিদর্শন করার অনুমতি প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। | আলোচ্য বিষয়াদি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিব ও দায়িত্বপ্রাপ্ত পুলিশকে নির্দেশনা দেওয়া হয়। | ১। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>২। কেন্দ্রে নিয়োজিত পুলিশ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০. | ফটোকপি দোকান বন্ধ রাখা | প্রতিদিন পরীক্ষা শুরুর এক ঘন্টা পূর্ব হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কেন্দ্রের কাছাকাছি এলাকার সকল ফটোকপির দোকান বন্ধ রাখার বিষয়ে আলোচনা করা হয় । | আলোচ্য বিষয়াদি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মর্তাদের অনুরোধ করা হয়। | ১। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br>২। পুলিশ সুপার, রাজশাহী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩১. | কোচিং সেন্টার বন্ধ রাখা | সরকার ঘোষিত তারিখ হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে। এ জন্য মোবাইল কোর্ট পরিচালনা এবং পুলিশের নজরদারীসহ অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কোচিং সেন্টার বন্ধ রাখার বিষয়ে তদারকির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | ১। পুলিশ কমিশনার আরএমপি, রাজশাহী<br>২। পুলিশ সুপার রাজশাহী<br>৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রাজশাহী<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৫। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |
| ৩২. | আকস্মিক দুর্যোগ | যে কোন আকস্মিক দুর্যোগ বা বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠানে যাতে কোন বিঘ্ন না হয় সে জন্য পর্যাপ্ত পূর্ব প্রস্তুতি গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় । | যে কোন আকস্মিক দুর্যোগ বা বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ৩৩. | পরীক্ষা কেন্দ্রের পরিষ্কার পরিচ্ছন্নতা | পরীক্ষা কেন্দ্রের চারপাশ এবং পরীক্ষা কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রতিদিন পরীক্ষা কেন্দ্র পরিষ্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানে কোন ভাবেই যেন এডিস মশার লার্ভা জন্মাতে না পারে সে লক্ষ্যে কার্যকরী উদ্দ্যোগ গ্রহণের বিষয়ে এবং প্রয়োজনে শ্রেণিকক্ষ গুলোতে মশক নিধনের জন্য মানসম্মত কয়েল/স্প্রে ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়। | পরীক্ষা কেন্দ্রের চারপাশ এবং পরীক্ষা কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নির্দেশনা দেওয়া হয়। | কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ৩৪. | সার্বিক সমন্বয় | আসন্ন ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (বিএমটি) ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার সুষ্ঠু, সুন্দর, সুশৃঙ্খল, ও নকলমুক্ত ভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক সমন্বয়ের বিষয়ে আলোচনা করা হয়। | পরীক্ষার সার্বিক বিষয়াবলি তদারকি ও মনিটারিং করা জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী<br>২। সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, রাজশাহী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনুষ্ঠিতব্য ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এবং এইচএসসি (বিএমটি) ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় সংশ্লিষ্ট সকলের নিবিড় তদারকি এবং সুচারু তত্ত্বাবধানের মাধ্যমে জেলার সকল পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল, নকলমুক্ত পরিবেশে গ্রহণের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৩/২০২৬

কাজী শহিদুল ইসলাম
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৭০৫০
e-mail: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০২১.১২.০০৫.২৬-২৫৮

তারিখ: ১০/০৩/১৪৩৩ বঙ্গাব্দ
২৪/০৬/২০২৬খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
০৪। পুলিশ সুপার, রাজশাহী
০৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
০৬। সিভিল সার্জন, রাজশাহী
০৭। অধ্যক্ষ..........................................................................................রাজশাহী
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার,রাজশাহী
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/(সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/(শিক্ষা ও আইসিটি), রাজশাহী
১০। উপজেলা নির্বাহী অফিসার, পবা/তানোর/গোদাগাড়ী/ মোহনপুর/পুঠিয়া/ চারঘাট/ বাঘা/দূর্গাপুর/ বাগমারা, রাজশাহী
১১। প্রধান প্রকৌশলী, বিতরণ বিভাগ, নেসকো লি: ,রাজশাহী
১২। জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি, রাজশাহী
১৩। সিনিয়র জেল সুপার, কেন্দ্রীয় কারাগার, রাজশাহী
১৪। সিনিয়র পোষ্ট মাস্টার, রাজশাহী জি পি ও, রাজশাহী
১৫। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, রাজশাহী
১৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী/জেলা তথ্য অফিস, রাজশাহী
১৭। নেজারত ডেপুটি কালেক্টর, রাজশাহী। নিয়োজিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের জন্যে যানবাহনের ব্যবস্থা গ্রহণ করবেন
১৮। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
১৯। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা......................................................................................................
..................................................................................................................................,রাজশাহী
২০। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব) , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে আপলোড করার জন্যে অনুরোধ করা হলো)
২১। অফিস কপি ।

২৩/০৬/২০২৫

জেলা প্রশাসক
রাজশাহী